কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
সংস্থাপন বিভাগ
www.badc.gov.bd

## প্রশাসন উইং এর অডিট পর্যালোচনা সভার কার্যবিবরণী:

সভাপতি : তুলসী রঞ্জন সাহা, সচিব, বিএডিসি, ঢাকা।
তারিখ ও সময় : ২৪ জুলাই ২০১৮, ১২.০০ ঘটিকা।
স্থান : সচিব মহোদয়ের কক্ষ,
উপস্থিতি : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতেই গত ৩০ মে ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়িকরণ করা হয়। সভায় প্রশাসন উইং এর আওতাধীন বিভাগসমূহের অডিট আপত্তির তথ্য পর্যালোচনা ও পরবর্তী সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হয়। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | বিভাগের নাম | অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর |
|---|---|---|---|---|---|
| ১ | মনিটরিং বিভাগ | সাধারণ-০০<br>অগ্রিম-০০<br>সংকলনভুক্ত -৮ | ক) মনিটরিং বিভাগ হতে জানানো হয় যে, ত্রিপক্ষীয় সভায় ৩টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়।বাণিজ্যিক অডিট অধিদপ্তর ০৩টি আপত্তির নিষ্পত্তির সুপারিশ করে এবং ২টি আপত্তির পূন:জবাব চেয়েছে।পরবর্তীতে মনিটরিং বিভাগ সংশ্লিষ্ট বিভাগে পূন:জবাব চেয়ে পত্র দিয়েছেন। কিন্তু অদ্যাবধি নিষ্পত্তির সুপারিশকৃত ৩টি আপত্তির জারিপত্র পাওয়া যায়নি। জারিপত্রের জন্য সংশ্লিষ্ট অফিসের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে।<br>খ) মনিটরিং বিভাগ হতে জানানো হয় যে, ২০০৮-০৯ হতে ২০১৫-১৬ অর্থ বছর পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ০১টি (সাধারণ অনুচ্ছেদ নং - ১৮, ২০১৫-১৬ অর্থ বছর)। | ক) সভায় নিষ্পত্তির সুপারিশ প্রাপ্তির পর জারী পত্রের জন্য সংশ্লিষ্ট অফিসের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। ২ টি আপত্তির পুন:জবাব দ্রুত প্রেরণের কার্যকর ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>খ) ২০০৮-০৯ হতে ২০১৫-১৬ অর্থ বছরের অনিষ্পন্ন অডিট আপত্তিটি নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ও কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মনিটরিং বিভাগ |
| ২ | ক্রয় বিভাগ | সাধারণ-২০০<br>অগ্রিম-৪০<br>সংকলনভুক্ত -১২ | ক) ক্রয় বিভাগ হতে জানানো হয় যে, সাধারণ ও অগ্রিম অনুচ্ছেদের মোট সংখ্যা ২৪০, এর মধ্যে ২২৭ টির জবাব প্রদান করা হয়েছে, পেন্ডিং আছে ১৩ টি। সুনির্দিষ্ট তথ্য-উপাত্ত না থাকা ১৩ টি আপত্তির মধ্যে ০৮ টি আপত্তির LAR (লোকাল অডিট রিপোর্ট) খুঁজে বের করা হয়েছে। অবশিষ্ট ৫ টি আপত্তির ব্রডশিট জবাবও প্রেরণ করা হয়েছে।<br>খ) সংকলনভুক্ত ১২টি অনুচ্ছেদের মধ্যে ৮টির জবাব প্রদান করা হয়েছে এবং ৪টি মামলা সংক্রান্ত। অনুচ্ছদ নং-৯ (সংকলন বছর ২০০৭-০৮): আমদানীকৃত টিএসপি সারের ঘাটতিমূল্য সংশ্লিষ্টদের নিকট হতে আদায় না হওয়ায় ক্ষতি ১০,৬৩,০৫,০৫৫/- টাকা। যার মধ্যে বীমা বাবদ সাধারণ বীমা কর্পোরেশন হতে ৫,৪৫,৩০,৪৪২/- টাকা আদায় হয়েছে, বাকি টাকা পরিশোধের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স দেশ ট্রেডিং কর্পোরেশন'কে বলা হলেও উক্ত প্রতিষ্ঠান টাকা পরিশোধ না করায় তাদের জামানত হতে কর্তনের সিদ্ধান্ত গৃহিত হলে উক্ত সিদ্ধান্ত স্থগিতের জন্য মিস কেস নং ১০৬/২০০৯ দায়ের করে<br>এবং চুক্তিপত্রের শর্তানুযায়ী উদ্ভুত বিরোধ আরবিট্রেশনের মাধ্যমে নিষ্পত্তির জন্য মিস কেস নং ৩৪৩/২০০৯ দায়ের করে। | ক) অডিট বিভাগ এবং বানিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগপূর্বক আপত্তি নিষ্পত্তির কার্যকর ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>খ) ২০০৮-০৯ হতে ২০১৫-১৬ অর্থ বছর পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ও কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক্রয় বিভাগ |

| ক্রঃ নং | বিভাগের নাম | অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর |
|---|---|---|---|---|---|
| | | | আদালতের নির্দেশনা মোতাবেক সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা)'কে আরবিট্রেটর নিয়োগ করা হলে উক্ত আরবিট্রেশন স্থগিতের জন্য মহামান্য হাইকোর্টে সিভিল রিভিশন মামলা নং ৩৮৮৭/২০১৬ দায়ের করে।<br>গ) সংকলনভুক্ত অনুচ্ছেদ ১৪ (১৯৯৮-৯৯) : বস্তা গ্রহণ না করে তার মূল্য পরিশোধ করায় সংস্থার ৩,৪৮,৬০০/- টাকা ক্ষতি। বস্তা সরবরাহ না করে জালিয়াতির মাধ্যমে উক্ত টাকা আত্মসাথের অভিযোগে ব্যবস্থাপক ইউনুস আলী'কে চাকরিচ্যুত করা হলে তিনি এর বিরুদ্ধে স্থগিত চেয়ে মহামান্য হাইকোর্টে সিভিল রিভিশন মামলা নং ১০৭/২০১৩ দায়ের করেন। অন্যদিকে উক্ত টাকা আদায়ের জন্য সংস্থা কর্তৃক মহামান্য হাইকোর্টে সিভিল রিভিশন মামলা নং ১০৮/২০১৩ দায়ের করা হয়।<br>ঘ) ক্রয় বিভাগ হতে জানানো হয় যে ২০০৮-০৯ হতে ২০১৫-১৬ অর্থ বছর পর্যন্ত অনিষ্পন্ন ১৯টি অডিট আপত্তির মধ্য ০১ টি আপত্তি (অগ্রিম) নিষ্পত্তি হওয়ায় বর্তমানে অনিষ্পন্ন আপত্তির সংখ্যা ১৮টি (সাধারণ ৬টি, অগ্রিম ১২টি)। | | |
| ৩ | তদন্ত বিভাগ | সাধারণ-০০<br>অগ্রিম-০০<br>সংকলনভুক্ত -০১ | ক)দি ওরিয়েন্টাল ব্যাংকে স্থায়ী আমানত রাখায় ক্ষতি ১,৭৭,৯৮,৬৮৬/- টাকা মর্মে ২০০৬-০৮ নিরীক্ষা বছরে (অনুঃ ৮) বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক আপত্তি উত্থাপিত হয়। উক্ত আপত্তির আলোকে তদন্ত বিভাগ হতে ব্রডশীট জবাবে জানানো হয় যে, সংস্থার তৎকালিন চেয়ারম্যান মহোদয়ের একক সিদ্ধান্তে ২ কোটি টাকা দি ওরিয়েন্টাল ব্যাংকে ৬ মাস মেয়াদি আমানত হিসেবে রাখা হয়।<br>খ) তদন্ত বিভাগ হতে জানানো হয় যে, কিস্তির টাকা পরিশোধের মেয়াদ ডিসেম্বর/২০১৮ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে এবং মোট চার কিস্তির (২০ লক্ষ টাকা হারে) টাকা সংশ্লিষ্ট ব্যাংক হতে আদায় করা হবে। চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা মোতাবেক প্রাপ্ত অর্থ হিসাব বিভাগের মাধ্যমে উত্তোলন ও কার্যক্রম গ্রহণ করা হয়েছে। হিসাব বিভাগ কর্তৃক সমূদয় অর্থ যথাসময়ে আদায় হচ্ছে কি না সে বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখা হচ্ছে। তবে সংশ্লিষ্ট ব্যাংক প্রাপ্য কিস্তির টাকা দিতে গড়িমসি করছে। বাংলাদেশ ব্যাংককে এবিষয়ে পত্র লেখা যেতে পারে। | প্রাপ্য টাকা আদায়ের বিষয়ে বাংলাদেশ ব্যাংককে পত্র প্রদান করতে হবে।<br>হিসাব বিভাগ কর্তৃক সমূদয় টাকা আদায়/ প্রাপ্তির পর অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করতে হবে। | তদন্ত বিভাগ |
| ৪ | সংস্থাপন বিভাগ | সাধারণ-০৪<br>অগ্রিম-০৮<br>সংকলনভুক্ত -০০ | ক) সংস্থাপন বিভাগ হতে জানানো হয় যে, আপত্তিসমূহের জবাব প্রেরণ করা হয়েছে। আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে অডিট বিভাগের সাথে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে। | ২০১৫-১৬ অর্থ বছরে উত্থাপিত দুটি আপত্তি নিষ্পত্তির বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংস্থাপন বিভাগ |
| ৫ | নিয়োগ ও কল্যাণ বিভাগ | সাধারণ-০৩<br>অগ্রিম-০২<br>সংকলনভুক্ত -০০ | ক) কৃষি মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে শূণ্য পদে নিয়োগ প্রদান সংক্রান্ত আপত্তির বিষয়ে মন্ত্রণালয় থেকে ভূতাপেক্ষ অনুমোদনের বিষয়ে সভায় জানানো হয় যে, নিয়োগ প্রদান সংক্রান্ত আপত্তির বিষয়ে ভূতাপেক্ষ অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হলে মন্ত্রণালয় থেকে আরো কিছু তথ্য চেয়ে সংস্থাকে পত্র প্রেরণ করা হয়। নিয়োগ ও কল্যাণ বিভাগ হতে মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তরকে উক্ত তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হলে তারা জানায় নথিখানা দুদক (দুর্নীতি দমন কমিশন)'কে প্রদান করায় ও তারা ফেরত না দেয়ায় উক্ত তথ্য সরবরাহ করা সম্ভব হচ্ছে না। | ক) ২০০৬ এর নিয়োগ মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর হতে সম্পন্ন হওয়ায় এ সংক্রান্ত অডিট আপত্তির জবাব মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর হতে সংগ্রহ করতে হবে এবং তা পরীক্ষা-নিরীক্ষা করে যথাযথভাবে জবাব প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক (বীজ)/নিয়োগ ও কল্যাণ বিভাগ |

| ক্রঃ নং | বিভাগের নাম | অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর |
|---|---|---|---|---|---|
| | | | উল্লেখ্য মহাব্যবস্থাপক (বীজ) ও প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) দপ্তর হতে ২০০৬ সালে উক্ত নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়।<br>খ) ২০০২-০৩ নিরীক্ষা বছরের অনুচ্ছেদ ০২ এর আপত্তিকৃত ৪,২২,৪০৭ টাকার মধ্যে ৩,৩৮,০১৬ টাকা আদায় হয়েছে। অবশিষ্ট ৮৪,৩৯১ টাকা আদায়ের চেষ্টা অব্যাহত আছে। ২০০৯-১০ এর অনুচ্ছেদ ০৯ এর বিষয়ে কৃষি মন্ত্রনালয় হতে জনপ্রশাসন মন্ত্রনালয়ে পত্র লেখা হয়েছে।<br>গ) ২০১৩-১৪ নিরীক্ষা বছরের অনুচ্ছেদ ২৫ এর পুন: জবাব প্রেরণের জন্য পত্র লেখা হয়েছে. নিরীক্ষা বছর ২০০৩-০৪ অর্থ বছরে অনুচ্ছেদ ১৭ এর কৃষি মন্ত্রণালয় কর্তৃক সুস্পষ্ট প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধের প্রেক্ষিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br>২০১৪-১৫ অর্থবছরের অনুচ্ছেদ ২১ এর ২৪ সেপ্টেম্বর ২০১৬ তারিখে জবাব অডিট বিভাগে প্রেরণ করা হয়েছে। মামলা নিষ্পত্তির বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য আইন বিভাগকে অনুরোধ জানানো হয়েছে।<br>২০১৫-১৬ অর্থ বছরে অনুচ্ছেদ ২৯ এর জবাব প্রদান করা হয়েছে। | খ) অবশিষ্ট টাকা কর্তন করে অডিট আপত্তি নিস্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>গ) ২০০৮-০৯ হতে ২০১৫-১৬ অর্থ বছর পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ৬ | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ | সাধারণ-০৪<br>অগ্রিম-০৩<br>সংকলনভুক্ত -০০ | ক) সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে জানানো হয় যে, দুইটি অডিট আপত্তির জবাব দেওয়া হয়েছে. ত্রিপক্ষীয় সভায় উক্ত ২টি অডিট আপত্তির বিষয়ে আলোচনা হয়। আলোচনা শেষে আপত্তি ২টি চাক্ষুষ যাচাইয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগের ৭ টি অডিট আপত্তি। ২টি পেন্ডিং আপত্তির মধ্যে ১টি আপত্তির জবাব ২৮/০৫/২০১৮ তারিখে অডিট বিভাগে প্রেরন করা হয়। অন্য আপত্তির জবাব প্রস্তুত এবং প্রমাণক সংগ্রহের কাজ চলছে।তাছাড়া ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত মোতাবেক ২টি আপত্তির বিষয়ে চাক্ষুস যাচাইপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম অডিট বিভাগ হতে গৃহীত হচ্ছে। | ক) পেন্ডিং আপত্তির জবাব জরুরি ভিত্তিতে প্রেরণ করতে হবে। ত্রিপক্ষীয় সভার নির্দেশনা মোতাবেক চাক্ষুষ যাচাইপূর্বক প্রমাণকসহ অডিট আপত্তির জবাব প্রেরণ করতে হবে। | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ/ অডিট বিভাগ |
| ৭ | সাধারণ পরিচর্যা বিভাগ | সাধারণ-৫৭<br>অগ্রিম-১৯<br>সংকলনভুক্ত -০৩ | ক) মন্ত্রণালয় সংশ্লিষ্ট আপত্তি ত্রিপক্ষীয় সভার মাধ্যমে নিষ্পত্তির লক্ষে মন্ত্রণালয় সংশ্লিষ্ট আপত্তির তালিকা প্রণয়নের কাজ চলমান রয়েছে।<br>খ) অডিট আপত্তিতে জড়িত কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে অর্থ আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হবে। অবসরপ্রাপ্তগণের নিকট হতে অর্থ আদায়ের ক্ষেত্রে প্রথমে তাদেরকে পত্র মারফত টাকা জমা দেওয়ার জন্য নির্দেশ দেয়া হবে। যদি অর্থ পরিশোধে ব্যর্থ হন তাহলে তাদের বিরুদ্ধে PDR Act এ মামলা করা হবে।<br>গ) সাধারণ পরিচর্যা বিভাগ হতে জানানো হয় যে, ২০০৮-০৯ হতে ২০১৫-১৬ অর্থ বছর পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ১০টি (সাধারণ ৭টি, অগ্রিম ৩টি)। সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয় যে,৬টি সাধারণ আপত্তির জবাব অডিট বিভাগে প্রেরণ করা হয়েছে।দ্বিপক্ষীয় সভায় ২টি নিস্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে। ৪টি আপত্তির জবাব প্রেরণের লক্ষ্যে কার্যপত্র প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে। | ক) ২০০৮-০৯ হতে ২০১৫-১৬ অর্থ বছর পর্যন্ত উত্থাপিত অডিট আপত্তি দ্রুত নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) সংকলনভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে অধিকতর গুরুত্বারোপ করতে হবে।<br>গ)দ্বিপক্ষীয় সভায় নিস্পত্তির জন্য সুপারিশকৃত আপত্তির জারিপত্রের জন্য সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করে জারীপত্র সংগ্রহ করতে হবে। আপত্তির কার্যপত্র জরুরিভিত্তিতে প্রস্তুত করতে হবে। | সাধারণ পরিচর্যা বিভাগ |

০৮। ২০০৮-০৯ হতে ২০১৫-১৬ অর্থ বছর পর্যন্ত প্রশাসন উইং এর মোট ৩৯ টি (সাধারণ ২১টি ও অগ্রিম ১৮টি) অডিট আপত্তির মধ্যে ০৩টি সাধারণ অনুচ্ছেদ ও ০১টি অগ্রিম অনুচ্ছেদ (ক্রয় বিভাগের ০১টি, সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগের ২টি এবং সমন্বয় বিভাগের ১টি) নিষ্পত্তি হয়েছে। । অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ বিশেষ করে ২০০৮-০৯ হতে ২০১৫-১৬ অর্থ বছর পর্যন্ত উত্থাপিত প্রশাসন উইং এর অবশিষ্ট ৩৫ টি (সাধারণ ১৮টি ও অগ্রিম ১৭টি) আপত্তি যাতে দ্রুত নিষ্পত্তি হয় সে জন্য প্রয়োজনীয় ও কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৯। ভ্যাট ও ট্যাক্স কর্তন সংক্রান্ত সর্বশেষ পরিপত্র/অফিস আদেশ এর হালনাগাদ কপি সংশ্লিষ্ট সকল দপ্তরকে সরবরাহের জন্য হিসাব বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০। অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষে অধিক সংখ্যক দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজনের বিষয়ে অডিট বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/৭/১৮

(তুলসী রঞ্জন সাহা)
সচিব
বিএডিসি, ঢাকা।
ফোন নম্বর- ৯৫৬৪৩২৮
e-mail: secretary@badc.gov.bd

স্মারক নং ১২.০৬.০০০০.২০৩.০১.০৬১.১৬-৪০৪

তারিখ : ১৪ শ্রাবণ ১৪২৫
২৯ জুলাই ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. ........................................................................................ বিএডিসি, ঢাকা।
(সংশ্লিষ্ট সকল বিভাগীয়/ দপ্তর প্রধান)

২. নিয়ন্ত্রক (অডিট)/হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, ঢাকা।
৩. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. যুগ্মনিয়ন্ত্রক (অডিট), অডিট বিভাগ, বিএডিসি, ঢাকা।
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
৫. সদস্য পরিচালক (অর্থ/ক্ষুদ্রসেচ/সার ব্যবস্থাপনা/বীজ ও উদ্যান)/সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

২৯.০৭.২০১৮

(স্বপন কুমার দাস)
যুগ্মসচিব (সংস্থাপন)
বিএডিসি, ঢাকা।
ফোন নম্বর-৯৫৫২০৬৭
e-mail: establishment@badc.gov.bd